

# কবিতা



কবিঃ চন্দ্রশেখর ভট্টাচার্য্য

email: [shekhar16980@yahoo.com](mailto:shekhar16980@yahoo.com)

## খন্ড খন্ড মুহূর্ত

খন্ড খন্ড মুহূর্তকে  
জড়িয়ে ধ'রে বাঁচতে  
চেয়েছিলাম  
ভেবেছিলাম এতেই আমার সুখ,  
তুমি হঠাৎ করে  
বৈশাখী ঝড় হয়ে  
ভাঙ্গলে পাঁজর, ভাঙ্গলে আমার বুক ।

খন্ড খন্ড মুহূর্তকে  
খন্ড খন্ড করে  
ভাসিয়ে দিলে ঝড়ের অনুকূলে  
ছোট্ট চিঠি, সুপ্ত আশা  
আমার পাগল ভালোবাসা  
এক নিমেষে সবই গেলে ভুলে ।

এপার অপার বৈশাখী ঝড়  
আমায় দেখে হাসে  
খন্ড খন্ড মুহূর্তকে জড়িয়ে ধ'রে  
কে আর ভালোবাসে !